



জনগণের অর্থ ব্যবহারে স্বচ্ছতার নির্দেশ মির্জা ফখরুলের



সচিবালয়ে পর্যালোচনা সভায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি : সংগৃহীত

জনগণের অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করে উন্নয়ন প্রকল্প দ্রুত ও কার্যকরভাবে বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, উন্নয়ন কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখতে হবে এবং কোনো ধরনের অপচয় বরদাশত করা হবে না। বৃহস্পতিবার (১৪ মে) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন প্রকল্প পর্যালোচনা সভায় তিনি এসব কথা বলেন। সভায় বিভিন্ন সিটি করপোরেশন ও স্থানীয় সরকার বিভাগের চলমান প্রকল্পগুলোর অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

মন্ত্রী বলেন, জনগণের কল্যাণকে সামনে রেখেই সব প্রকল্প গ্রহণ করা হয়। তাই নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করা এবং ব্যয় নিয়ন্ত্রণে রাখা জরুরি। একই সঙ্গে প্রকল্প বাস্তবায়নে অনিয়ম বা গাফিলতি এড়াতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আরও দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান তিনি। সভায় স্থানীয় সরকার বিভাগের সচিব শহীদুল হাসানসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, সিটি করপোরেশনের প্রতিনিধি ও প্রকল্প পরিচালকেরা উপস্থিত ছিলেন। এছাড়া ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনায় আধুনিক ও টেকসই উদ্যোগ নেওয়ার ওপরও গুরুত্বারোপ করা হয়।